# এনডিপি বার্তা

NDP

সংখ্যা ২২ । বর্ষ ১১ । অক্টোবর - ডিসেম্বর, ২০১৯


## সূ চি প ত্র


- ‘জিজিএইচএসপি প্রকল্প’ চুক্তি স্বাক্ষর ১
- ‘ডিএইচআরএনএস’ প্রকল্পের সভা,
- ওয়াল্ড ব্যাংক কর্তৃক ‘এসইপি’ প্রকল্প পরিদর্শন,
- আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস ২০১৯ ২
- আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০১৯,
- ইউএমআইএমসিসি প্রকল্পের আওতায় “গরু প্রদান”,
- ‘ইমার্জেন্সি ওয়াশ’ প্রকল্পের অবহিতকরণ সভা ৩
- এনডিপি ফিড এর পরিবেশক কর্মশালা,
- এমআরএ ‘ল ও মানি লন্ডারিং বিষয়ক প্রশিক্ষণ,
- ‘পিআরবিভি প্রকল্পের’ রিক্সা র‍্যালী ও মানববন্ধন,
- অক্টোবর-ডিসেম্বর ২০১৯ প্রকল্প শুরু বা শেষ ৪
- ‘আলোকিত গ্রাম কর্মসূচি’র সেলাই মেশিন বিতরণ,
- ‘ভ্যালু চেইন প্রকল্পের’ বিষমুক্ত সবজি চাষের ফলাফল প্রদর্শনী,
- ‘আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ’ উদ্‌যাপন ৫
- আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস ২০১৯,
- সৌহাদ্য-III কর্মসূচির ৭ সদস্যের জয়িতা এ্যাওয়ার্ড অর্জন,
- এনডিপি’র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি ৬
- ‘লোকালাইজেশন মডেল ইস্টাবলিশমেন্ট’ প্রকল্পের কর্মশালা,
- সমৃদ্ধি কর্মসূচি’র বিনামূল্যে চোখের ছানী অপারেশন,
- ‘প্রতিবন্ধী ও উন্নয়ন কর্মসূচি’র কম্বল বিতরণ ৭
- সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচি’র মিনি ম্যারাথন ২০১৯ ৮


## সম্পাদনা পরিষদ


সম্পাদক ঃ

মোঃ আলাউদ্দিন খান

নির্বাহী পরিচালক

প্রণয়নে ঃ

মোল্লা আব্দুল্লাহ আল মেহদী

ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

মোঃ জানাফার ইসলাম

সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

প্রকাশনায় ঃ

রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)


## জাপান দূতাবাস ও এনডিপি এর মধ্যে প্রকল্প চুক্তি স্বাক্ষর



চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জাপানের রাষ্ট্রদূত ইতো নাওকি এবং এনডিপি এর নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান

১৭ ডিসেম্বর ২০১৯ জাপান সরকারের Grant Contracts' for Grass-roots Human Security Projects (GGHSP) এর আওতায় জাপান দূতাবাস ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর মধ্যে প্রকল্প চুক্তি স্বাক্ষর হয়। বাংলাদেশে অবস্থিত জাপান দূতাবাস এর রাষ্ট্রদূত মান্যবর জনাব ইতো নাওকি এবং এনডিপি এর নির্বাহী পরিচালক জনাব মোঃ আলাউদ্দিন খান প্রকল্প চুক্তিতে স্বাক্ষর করেন। প্রকল্পটির মাধ্যমে জাপান দূতাবাস এর পক্ষ থেকে এনডিপি’কে ৮৫,২৪৭ মার্কিন ডলার (প্রায় ৭০ লক্ষ টাকা) আর্থিক সহায়তা প্রদান করে।

সিরাজগঞ্জ জেলা তাঁতকুঞ্জ হিসেবে পরিচিত। তাঁতশিল্প এ জেলার ঐতিহ্য। কিন্তু দক্ষ তাঁত শ্রমিকের অভাবে তাঁত শিল্পটি দিন দিন প্রতিযোগিতামূলক বাজার থেকে পিঁছিয়ে পড়ছে। তাই এ জেলার তাঁত শিল্পকে প্রতিযোগিতামূলক বাজারে টিকিয়ে থাকার সক্ষমতা অর্জনে সহায়তার লক্ষ্যে GGHSP প্রকল্পের মাধ্যমে দরিদ্র্য ও অদক্ষ তাঁত শ্রমিকদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ ব্যয় বাবদ জাপান দূতাবাস এনডিপি’কে এককালীন এই অর্থ প্রদান করে। প্রকল্পটি বাস্তবায়িত হলে জেলার প্রায় এক হাজার একশত পঁচাত্তর জন শ্রমিক তাদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ গ্রহণ করবে। ফলে সিরাজগঞ্জ জেলার তাঁত শিল্পে নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে যা জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

উল্লেখ্য, এনডিপি সিরাজগঞ্জ জেলাসহ রাজশাহী, রংপুর এবং ঢাকা বিভাগের ১৮টি জেলায় ১৯৯২ সাল থেকে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কাজ করছে। তাঁত শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান প্রকল্পটি তাই এনডিপি’র উদ্দেশ্য বাস্তবায়নে বেকারত্ব কমিয়ে উৎপাদনশীলতা বাড়িয়ে দারিদ্র্য বিমোচনের গতিকে ত্বরান্বিত করবে।

NDP
# এনডিপি বার্তা
সংখ্যা ২২ । বর্ষ ১১ । অক্টোবর - ডিসেম্বর, ২০১৯

## ‘ডিএইচআরএনএস’ প্রকল্পের হিউম্যান রাইটস ডিফেন্ডার সভা




*বক্তব্য দিচ্ছেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) এর প্রতিষ্ঠাতা ও সভাপতি সুলতানা কামাল*

০৩ ডিসেম্বর ২০১৯ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর আয়োজনে এবং মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) ও এনডোমেন্ট ফর ডেমোক্রেসি (এনইডি) এর সহায়তায় সিরাজগঞ্জ চেম্বার অব কমার্স সম্মেলন কক্ষে Defending Human Rights through Network Strengthening (DHRNS) প্রকল্পের জেলা পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। মানবাধিকার লংঘনের ঘটনা চিহ্নিত করা, তথ্যানুসন্ধান করা, এ সংক্রান্ত প্রতিবেদন তৈরি ও প্রকাশের মাধ্যমে জেলা পর্যায়ে মানবাধিকার কর্মীদের নেটওয়ার্ক গড়ে তোলা এবং জাতীয় পর্যায়ে মানবাধিকার কর্মীদের সম্পৃক্ত করে মানবাধিকার সংস্কৃতি প্রতিষ্ঠার আন্দোলন জোরদার করাই এর একমাত্র উদ্দেশ্য। অনুষ্ঠানে এনডিপি এর নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) এর প্রতিষ্ঠাতা ও সংস্থার সভাপতি সুলতানা কামাল। তিনি **বাংলাদেশের সর্বস্তরের মানুষের মানবাধিকার সংরক্ষণ ও মানবাধিকার সংস্কৃতি প্রতিষ্ঠায় সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।** বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক করতোয়ার সিনিয়র সাংবাদিক হেলাল আহমেদ। এছাড়াও বিভিন্ন এনজিও এর কর্মকর্তা, আইনজীবী, শিক্ষক, ইমাম ও খতিব, বিভিন্ন সাংবাদিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও স্বেচ্ছাসেবীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অংশগ্রহণকারী ও অতিথিগণের খোলামেলা আলোচনায় বিভিন্ন সমস্যা সমাধানের পদক্ষেপ গ্রহণ করা হয়। অনুষ্ঠান পরিচালনার সার্বিক দায়িত্বে ছিলেন এনডিপি এর উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান।

## ওয়াল্ড ব্যাংক কর্তৃক ‘এসইপি’ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

২৭ নভেম্বর ২০১৯ ওয়ার্ল্ড ব্যাংক এর সিনিয়ির মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন স্পেশালিষ্ট এন্ডার্স জেনসেন এবং সিনিয়র এনভায়রনমেন্ট স্পেশালিষ্ট সুইকো ইয়োশিজামা ও ডাঃ নাদিয়া রহমান সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) পরিদর্শন করেন। এসময় তাদের ফুলের শুভেচ্ছা জানান এনডিপি এর নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। অতঃপর প্রকল্পের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন এনডিপি এর পরিচালক (পিআরএম) ড. এবিএম সাজ্জাদ হোসেন। আরও উপস্থিত ছিলেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর উপ মহা-ব্যবস্থাপক ও এসইপি প্রকল্পের সমন্বয়কারী জহির উদ্দীন আহমেদ এবং ব্যবস্থাপক (প্রোগ্রাম) মোঃ রওশন হাবিব। এছাড়াও এনডিপি এর পরিচালক (প্রোগ্রাম) মোহাঃ শাহ্ আজাদ ইকবাল ও পরিচালক (এমএফ) মোসলেম উদ্দিন আহমেদসহ এনডিপি ও পিকেএসএফ এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। ওয়ার্ল্ড ব্যাংক ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে এবং এনডিপি কর্তৃক প্রকল্পটি সিরাজগঞ্জ জেলায় বাস্তবায়িত হচ্ছে।



*ওয়াল্ড ব্যাংকের সিনিয়র এমএন্ডই স্পেশালিষ্ট ও সিনিয়র এনভায়রনমেন্ট স্পেশালিষ্ট'কে ফুল দিয়ে বরণ করেন এনডিপি'র নির্বাহী পরিচালক*

## আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস ২০১৯




*বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আবু ইউসুফ*

২৫ নভেম্বর ২০১৯ মানবাধিকার বিষয়ক সিএসও কোয়ালিশন ও জিবিভি প্লাটফর্ম, সিরাজগঞ্জ এর আয়োজনে এবং এ্যাকশন এইড বাংলাদেশ এর সহযোগিতায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস ২০১৯ পালিত হয়। এ উপলক্ষ্যে সিরাজগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়ে কিশোরীদের ফুটবল খেলা, বক্সিং ও কারাতে প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে এনডিপি এর নির্বাহী পরিচালক ও সিএসও কোয়ালিশনের সাধারণ সম্পাদক মোঃ আলাউদ্দিন খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ফিরোজ মাহমুদ। শুরুতেই জাতীয় সংগীতের মাধ্যমে অনুষ্ঠান সূচনা করেন অনুষ্ঠানের বিশেষ অতিথি, সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আবু ইউসুফ। আরও উপস্থিত ছিলেন জেলা শিক্ষা কর্মকর্তা মোঃ শফী উল্লাহ, পিডাব্লিউডি এর নির্বাহী পরিচালক হোসনে আরা জলি, বহুমুখী উচ্চ বিদ্যালয়ের নির্বাহী কমিটির সভাপতি মোঃ মোস্তাফিজুর রহমানসহ বিভিন্ন সংগঠনের কর্মকর্তাবৃন্দ, স্কুলের ছাত্র-ছাত্রী, সাংবাদিক ও বিভিন্ন শ্রেণী পেশার মানুষ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন সিএসও কোয়ালিশনের সহ-সভাপতি মোঃ হেলাল আহমেদ এবং শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন বহুমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ফরিদুল ইসলাম। প্রতিযোগিতায় অংশ নেয় বহুমুখী উচ্চ বিদ্যালয় ও গৌরী আরবান উচ্চ বিদ্যালয়। এই প্রতিযোগীতার মাধ্যমে নারী ও কিশোরীদের সাহসিকতার সাথে সামনে এগিয়ে যেতে উদ্বুদ্ধ করা হয়। পরবর্তীতে খেলোয়াড়দের মাঝে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথিসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ। এ সময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন **মেধা বিকাশে খেলাধুলার কোন বিকল্প নেই এবং নির্যাতন প্রতিরোধে নারীদের দূর্বল মানসিকতা দূর করতে খেলাধুলা এবং প্রানবন্ত থাকার পরিবেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।** এধরনের কার্যক্রম বাস্তবায়ন করার জন্য তিনি সিএসও কোয়ালিশনের লিড সংস্থা এনডিপি ও সকলকে ধন্যবাদ জানান। অনুষ্ঠান পরিচালনার সার্বিক দায়িত্ব পালন করেন এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান।

# এনডিপি বার্তা

সংখ্যা ২২ । বর্ষ ১১ । অক্টোবর - ডিসেম্বর, ২০১৯


## আন্তর্জাতিক প্রবীণ দিবস-২০১৯

০১ অক্টোবর ২০১৯ সিরাজগঞ্জ জেলা প্রশাসন, জেলা সমাজসেবা অধিদপ্তর ও নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থার আয়োজনে এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর **'প্রবীণ কল্যাণ কর্মসূচি'**, প্রবীণ হিতৈষী সংঘ ও জরা বিজ্ঞান প্রতিষ্ঠান সিরাজগঞ্জের সহযোগিতায় **''বয়সের সমতায় পথে যাত্রা''** এই প্রতিপাদ্যকে সামনে রেখে সিরাজগঞ্জে আন্তর্জাতিক প্রবীণ দিবস উদ্‌যাপিত হয়। অনুষ্ঠান উপলক্ষে র‌্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শফিকুল ইসলাম ও সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ফিরোজ মাহমুদ। অনুষ্ঠানে অতিথিবৃন্দ দিবসটি উদ্‌যাপনের বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন। প্রধান অতিথি বলেন, **"বয়স্কদের প্রাপ্য সম্মান নিশ্চিত করতে এধরনের কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে যা নিঃশন্দেহে প্রশংসার দাবিদার"**। আলোচনা সভা সঞ্চালনা করেন সিরাজগঞ্জ জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মুহাম্মদ মতিয়ার রহমান। অনুষ্ঠানে এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামানসহ বিভিন্ন সরকারী ও বে-সরকারী দপ্তরের কর্মকর্তাবৃন্দ, প্রবীণ সদস্যবৃন্দ ও প্রিন্ট মিডিয়ার সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



*বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ*

## ইউএমআইএমসিসি প্রকল্পের আওতায় ৮০জনকে "গরু প্রদান"



*বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ পৌরসভার মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা*

১৫ অক্টোবর ২০১৯ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক আয়োজিত এবং জিআইজেড এর অর্থায়নে সিরাজগঞ্জ পৌরসভার বাস্তবায়নাধীন আরবান ম্যানেজমেন্ট অফ ইন্টারনাল ডিউ টু ক্লাইমেট চেঞ্জ (UMIMCC) প্রকল্প এবং আরবান ম্যানেজমেন্ট অফ লাইভলিহুড (UMML) প্রকল্পের আওতায় উপকারভোগিদের জীবনমান উন্নয়নের জন্য ৮০ টি পরিবারকে ৮০ টি ''গরু বিতরণ" করা হয়। অনুষ্ঠানে এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ পৌরসভার মাননীয় মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ইউএমআইএমসিসি প্রকল্পের (প্রকল্প সমন্বয়কারী) মোঃ জাহিদ কামাল। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি এর পরিচালক (পিআরএম) এবিএম সাজ্জাদ হোসেন, জিআইজেড এর (এএমএন্ডটিসি) আখতারুজ্জামান রানা এবং সিরাজগঞ্জ পৌরসভার প্যানেল মেয়র ও কাউন্সিলরবৃন্দ। এ সময় প্রধান অতিথি এনডিপি এর বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি উপস্থাপন করে বলেন **"এনডিপি'র উন্নয়ন এখন দৃশ্যমান এবং সিরাজগঞ্জে এনডিপি কর্তৃক যে উন্নয়ন হয়েছে তা অন্যকোন বেসরকারী সংস্থা দ্বারা সম্ভব হয়নি"**।

## 'ইমার্জেন্সি ওয়াশ' প্রকল্পের অবহিতকরণ সভা

২৩ অক্টোবর ২০১৯ তারিখে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর বাস্তবায়নে এবং ইউনিসেফ এর অর্থায়নে সিরাজগঞ্জ জেলায় বন্যায় ক্ষতিগ্রস্থ মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে 'Access to improve WASH service for flood affected people in Sirajganj district' প্রকল্পের সূচনা এবং অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। সিরাজগঞ্জ জেলার শাহ্‌জাদপুর উপজেলা পরিষদ হল রুমে আয়োজিত সভায় কৈজুরি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহ্‌জাদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান প্রফেসর মোঃ আজাদ রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহ্‌জাদপুর উপজেলার ভাইস চেয়ারম্যান মোঃ লিয়াকত আলী ও মহিলা ভাইস চেয়ারম্যান এলিজা খাতুন। স্বাগত বক্তব্য প্রদান করেন শাহ্‌জাদপুর উপজেলার জনস্বাস্থ্য অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী মোঃ আব্দুল ওয়ারেস। এছাড়াও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোঃ মিজানুর রহমান ও উপজেলা শিক্ষা অফিসার মোঃ ফজলুল হক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বন্যায় ক্ষতিগ্রস্থ কৈজুরি গ্রামের কিশোরী মোছাঃ আখিঁ খাতুন (১৪) এবং পাথালিয়াপাড়া গ্রামের মোছাঃ চম্পা খাতুন (১৭) তাদের সমস্যার কথা তুলে ধরে অনুভূতি ব্যক্ত করেন। অনুষ্ঠান পরিচালনার সার্বিক দ্বায়িত্বে ছিলেন এনডিপি এর উপ-পরিচালক (এমএন্ডই) এবং উক্ত প্রকল্পের ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান। প্রকল্পটির আওতায় ৯৫টি ল্যাট্রিন, মহিলা ও কিশোরীদের জন্য ২০টি গোসলখানা, ৪০টি টিউবওয়েল রিপেয়ারিং, ১৫টি বিশেষ সুবিধা সম্পন্ন ল্যাট্রিন, ১০টি ডাবল প্লাটফর্ম টিউবওয়েল এবং ১১৫টি হ্যান্ড ওয়াশিং ডিভাইস বিতরণ এবং এ অঞ্চলের মানুষের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৫০০টি হাইজিন প্রমোশন সেশন পরিচালনা বিষয়ে অবহিত করা হয়।



*বক্তব্য দিচ্ছেন শাহ্‌জাদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান প্রফেসর মোঃ আজাদ রহমান*

NDP

# এনডিপি বার্তা

সংখ্যা ২২ । বর্ষ ১১ । অক্টোবর - ডিসেম্বর, ২০১৯

## এনডিপি ফিড এর পরিবেশক কর্মশালা



বক্তব্য দিচ্ছেন এনডিপি ফিড এর মহা ব্যবস্থাপক জুবায়ের জাহান খান

০৯ অক্টোবর ২০১৯ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর 'এনডিপি ফিড' বাজারজাতকরণ প্রসঙ্গে এনডিপি এর প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে পরিবেশকদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সিরাজগঞ্জ জেলার ৯ টি উপজেলার পরিবেশকদের সাথে ব্যবসায়িক পরিকল্পনা ও এনডিপি ফিড এর গুণাগুণ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কর্মশালায় এনডিপি এর পরিচালক (ঋণ সহায়ক কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তা মোঃ হারুন অর রশিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি ফিড এর জেনারেল ম্যানেজার জুবায়ের জাহান খান ও ডেপুটি জেনারেল ম্যানেজার মোল্লা আব্দুল্লাহ আল মেহদী এবং এনডিপি এর উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান। আরও উপস্থিত ছিলেন এনডিপি এর ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) মীর তানসেন হোসেন ও সিনিয়র ভ্যালুচেইন ফ্যাসিলিটেটর ডাঃ মোঃ তৌফিকুল হক। এসময় সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, **"বাজারে অনেক ফিড ক্রয়-বিক্রয় হয় যা আমাদের অগোচরে, একমাত্র এনডিপি'ই ফিড বাজারজাতকরণের পূর্বে ফিডের গুণাগুণ নিশ্চিত করেছে"**। এনডিপি তার অন্যান্য কার্যক্রমের মতই এনডিপি ফিড এর মান অক্ষুন্ন রাখবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

## এমআরএ 'ল ও মানি লন্ডারিং বিষয়ক প্রশিক্ষণ



বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান

২১ নভেম্বর ২০১৯ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর প্রশিক্ষণ বিভাগের আয়োজনে এবং ঋণ সহায়তা কর্মসূচির অর্থায়নে এনডিপি'র প্রধান কার্যালয়ে এমআরএ 'ল ও মানি লন্ডারিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। দিনব্যপি এ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এনডিপি এর নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। এছাড়াও এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির পরিচালক মোসলেম উদ্দিন আহমেদসহ সকল জোনাল ম্যানেজার, সকল এরিয়া ম্যানেজার এবং সিনিয়র শাখা ব্যবস্থাপকদের অংশগ্রহণে এমআরএ 'ল এবং মানি লন্ডারিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। মাঠ পর্যায়ে মানি লন্ডারিং সম্পর্কিত আলোচনা ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করার জন্য এই প্রশিক্ষণের মাধ্যমে দিক নির্দেশনা প্রদান করা হয়।

## 'পিআরবিভি প্রকল্পের' ধর্ষণ ও যৌন নির্যাতন প্রতিরোধে রিক্সা র‌্যালী এবং মানববন্ধন



রিক্সা র‌্যালির অংশ বিশেষ

২৭ নভেম্বর ২০১৯ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর আয়োজনে এবং এসিড সারভাইভারস ফাউন্ডেশন এর সহযোগীতায় **"নারী ও শিশুর উপর ধর্ষণ ও সকল যৌন সহিংসতার বিরুদ্ধে আমরা"** স্লোগানে সিরাজগঞ্জ সদরের বাজার স্টেশন থেকে রিক্সা র‌্যালীর আয়োজন করা হয়। র‌্যালীটির শুভ উদ্বোধন করেন এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির এরিয়া ম্যানেজার মোঃ ওমর ফারুক। অতঃপর র‌্যালীটি সিরাজগঞ্জ শহরের এস.এস. রোড হয়ে চৌরাস্তা প্রদক্ষিণ করে পূনঃরায় স্বাধীনতা স্কয়ারে শেষ হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ পৌরসভার প্যানেল মেয়র মোছাঃ রোমানা রেশমা। এছাড়া রিক্সা শ্রমিক ইউনিয়ন এর সভাপতি সাইফুল ইসলাম ও সাধারণ সম্পাদক বাদল শেখসহ প্রায় ৫০ টি রিক্সা র‌্যালিতে অংশগ্রহণ করেন। উল্লেখ্য রিক্সা র‌্যালীর পাশাপাশি এনডিপি'র জেন্ডার সহিংসতা প্রতিরোধ প্রকল্পের আয়োজনে এবং মানুষের জন্য ফাউন্ডেশন এর সহায়তায়" নারী ও শিশুর উপর ধর্ষণ ও সকল যৌন সহিংসতার বিরুদ্ধে আমরা" এর প্রতিবাদে আলোচনা সভা ও মানবন্ধন কর্মসুচি অনুষ্ঠিত হয়। র‌্যালী এবং মানববন্ধন কর্মসুচিতে বিভিন্ন সাংবাদিক, স্থানীয় জনগণ ও বিভিন্ন শ্রেণী পেষার মানুষ অংশগ্রহণ করেন। উক্ত র‌্যালীটি সঞ্চালনা করেন 'পিআরবিভি প্রকল্পের' (প্রকল্প কর্মকর্তা) গুলশান আরা কুমকুম ও মানববন্ধন কর্মসুচি পরিচালনা করেন 'সিজিবিভি প্রকল্পের' (প্রকল্প সমন্বয়কারী) মোছাঃ আকতারী বেগম ।

## অক্টোবর-ডিসেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু বা শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থর নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ০১ | Empowering Local and National Humanitarian Actors (ELNHA) Project | এসকেএস এবং অক্সফাম বাংলাদেশ | সিরাজগঞ্জ সদর ও কাজিপুর উপজেলা, সিরাজগঞ্জ | ০২ মে ২০১৭ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ | দূর্যোগ আক্রান্ত মানুষের দূর্যোগ ঝুঁকি হ্রাস এবং দূর্যোগ পরবর্তী সহায়তা প্রদান। |
| ০২ | Bangladesh Hand Pamp (Tube-well installation) Project | আলখায়ের | শেরপুর ও শাজাহানপুর উপজেলা, বগুড়া | ০১ সেপ্টেম্বর ২০১৯ থেকে ৩১ অক্টোবর ২০১৯ | নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণ। |
| ০৩ | Access to Improve WASH service for Flood Affceted People in Sirajganj District | ইউনিসেফ | শাহজাদপুর উপজেলা সিরাজগঞ্জ | ০১ অক্টোবর ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ | বন্যা কবলিত মানুষের পানি ও পয়ঃনিষ্কাশন সুবিধা বৃদ্ধি এবং জীবনমান উন্নয়ন। |
| ০৪ | NDP Feed | এনডিপি | সিরাজগঞ্জ জেলা | ০১ অক্টেবর ২০১৯ থেকে চলমান | স্থায়ী প্রাণীসম্পদ খাদ্য বিক্রেতার মাধ্যমে প্রাণীসম্পদ খামারীদের উন্নতমানের খাদ্য সরবরাহ করে আয় বৃদ্ধি করা। |
| ০৫ | ICVGD-II | ওয়াল্ড ফুড প্রোগ্রাম (ডাব্লিউএফপি) | রাজশাহী ও রংপুর | ০১ ডিসেম্বর ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০২০ | গ্রামের হতদরিদ্র পরিবারের দারিদ্রতা বিমোচণ ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ। |
| ০৬ | Localization Model Establishment in Sirajganj | ন্যাশনাল এলিয়ান্স অফ হিউমানিটারিয়ান এক্টোরস বাংলাদেশ (নাহাব) এবং অক্সফাম | কাজিপুর উপজেলা সিরাজগঞ্জ | ১ নভেম্বর ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ | কাজিপুর উপজেলার (নাটুয়ারপাড়া, চরগিরিশ, তেকানী ও নিশ্চিন্তপুর) চারটি ইউনিয়নে বসবাসকারীদের মধ্যে মৌসুমি বন্যার শুরুতেই যে সকল পরিবার বন্যায় ক্ষতিগ্রস্ত হয় এবং শীতকালীন সময়ে যারা বেশী অসুস্থ হয় এবং শীতবস্ত্র ক্রয় করার সামর্থ যাদের নেই, সেই সকল পরিবারকে তাৎক্ষনিক সহযোগিতা প্রদান করার লক্ষ্যে সরজমিনে জরিপ করে একটি ডাটা বেইজ তৈরি করা। |

## ‘আলোকিত গ্রাম কর্মসূচি’র ৬টি অতি দরিদ্র পরিবারকে সেলাই মেশিন বিতরণ



*এনডিপি’র নির্বাহী পরিচালক মো: আলাউদ্দিন খান ও প্রোপার্টি কেয়ার সার্ভিসেস এর কর্মকর্তাসহ উপকারভোগীবৃন্দ*

০৫ অক্টোবর ২০১৯ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর আলোকিত গ্রাম কর্মসূচির উদ্যোগে এবং প্রোপার্টি কেয়ার সার্ভিসেস (পিসিএস) এর আর্থিক সহায়তায় ৬টি অতি দরিদ্র পরিবারের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়। সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ঝাঐল ইউনিয়নের বাগবাড়ি, লাহিড়িবাড়ি ও বালুকোল গ্রামকে উন্নয়নের মুলধারায় একটি আদর্শ গ্রাম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ‘আলোকিত গ্রাম কর্মসূচি’ নামক কর্মসূচি হাতে নিয়েছে। এনডিপি’র প্রধান কার্যালয় সংলগ্ন ৩ টি গ্রামে সংস্থার নিজস্ব অর্থায়নে কর্মসূচিটি পরিচালিত হচ্ছে। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত সমাজ গঠন, শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, পুষ্টি, অবকাঠামো ও দক্ষতা উন্নয়নের মতো সার্বিক বিষয়কে এগিয়ে নিতে এবং উন্নয়নে অবদান রাখতে এনডিপি এই কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় এনডিপি’র প্রধান কার্যালয়ে ৬টি অতি দরিদ্র পরিবারের মাঝে অনুদান হিসেবে সেলাই মেশিন বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনডিপি’র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান, উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান, সিনিয়র ম্যানেজার (অডিট) কে এম জাহাঙ্গীর আলম, ব্যবস্থাপক (এসিএন্ডএফআর) রুলিয়া পারভীন। পিসিএস’র পক্ষে উপস্থিত ছিলেন সিনিয়র এক্সিকিউটিভ অফিসার শাহ্ নেয়ামত উল্লাহ (নোমান) ও শামিমা আকতার, এক্সিকিউটিভ অফিসার সালিমা জাহান (মৌটুসী) এবং সিও রফিকুল ইসলাম।

## ‘ভ্যালু চেইন প্রকল্পের’ বিষমুক্ত সবজি চাষের ফলাফল প্রদর্শনী

২১ নভেম্বর ২০১৯ সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ঝাঐল ইউনিয়নের বাগবাড়ী গ্রামের সবজি চাষি আব্দুর রাজ্জাকের জমিতে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরী সহযোগিতায় এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর বাস্তবায়নে **“ডেইরি কাস্টার উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধিকরণ”** শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্পের গো-মূত্র হতে উৎপাদিত জৈব সার ও জৈব বালাই নাশক ব্যবহারে বিষমুক্ত সবজি চাষের ফলাফল প্রদর্শনীর আয়োজন করা হয়। অনুষ্ঠানে এনডিপি’র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রানী বিজ্ঞান অনুষদের প্রধান, প্রফেসর ড. এ.কে.এম. আহসান কবীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি এর পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল ও এনডিপি এর রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগের ব্যবস্থাপক মোল্লা আব্দুল্লাহ আল মেহদী। মূলত: গো-মূত্র থেকে উৎপাদিত জৈব সার ও জৈব বালাই এবং রাসয়নিক সার এর পরীক্ষামূলক ব্যবহারের পার্থক্য তুলে ধরার জন্য এ প্রদর্শনীর আয়োজন করা হয়। রাসয়নিক সার ব্যবহার থেকে মাটির ক্ষয় রোধ এবং কৃষকের উৎপাদন প্রতি ব্যয় হ্রাস করাই এ প্রদর্শনীর মূখ্য উদ্দেশ্য। ফলাফল প্রদর্শনী পরবর্তীতে ‘র‌্যাফেল ড্র’ এর আয়োজন করা হয় এবং বিজয়ীদের পুরষ্কৃত করা হয়। এসময় গ্রামের সর্বস্তরের মানুষ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ভ্যালু চেইন প্রকল্পের সিনিয়র ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর ডা. মোঃ তৌফিকুল হক ।



*পুরষ্কার দিচ্ছেন এনডিপি’র নির্বাহী পরিচালক এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড.এ.কে.এম. আহসান কবীর*

## জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির ‘আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ’ উদ্‌যাপন



*বিজয়ীদলের হাতে পুরষ্কার তুলে দেন
এনডিপি’র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল*

১২ ডিসেম্বর ২০১৯ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর ‘জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির’ আয়োজনে ‘আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ’ উদ্‌যাপন করা হয়। **‘নারী পুরুষ সমতা রুখতে পারে সহিংসতা’** স্লোগানে এনডিপি এর প্রধান কার্যালয়ের কন্‌ফারেন্সরুমে বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। বিতর্ক প্রতিযোগিতার বিষয় ছিল **“স্বাবলম্বীতাই পারে নারীকে সহিংসতা হতে মুক্তি দিতে”**। প্রতিযোগিতায় পক্ষে স্বর্ণালী কিশোরী ক্লাব এবং বিপক্ষে অভিযাত্রী কিশোর ক্লাবের সদস্যরা বিভিন্ন যুক্তিতর্ক উপস্থাপন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি এর পরিচালক (কর্মসূচি) মোহাঃ শাহ্ আজাদ ইকবাল। বিচারকের ভূমিকা পালন করেন এনডিপি এর আইসিভিজিডি প্রকল্পের ট্রেনিং অফিসার মোঃ শামছুল আলম, ট্রেনিং ব্যবস্থাপক মঞ্জুশ্রী দাশ ও ট্রেনিং অফিসার এস.এম আলী আহসান। বিতর্ক পরবর্তীতে বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। এছাড়াও অনুষ্ঠানে এনডিপি এর কিশোর-কিশোরী ক্লাবের সদস্যবৃন্দ, অভিভাবকগণ এবং এনডিপি এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনার সার্বিক দায়িত্বে ছিলেন এনডিপি এর ব্যবস্থাপক (প্রশিক্ষণ) নুরুন নাহার চৌধুরী ।

## আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস-২০১৯

১৫ অক্টোবর ২০১৯ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ প্রকল্পের উদ্যোগে সিরাজগঞ্জ সদর উপজেলার সয়দাবাদ ইউনিয়নে আন্তর্জাতিক গ্রামীণ নারী দিবস উপলক্ষ্যে র‍্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয় এবং স্টল প্রদর্শনী অনুষ্ঠিত হয়। সয়দাবাদ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ নবীদুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মানুষের জন্য ফাউন্ডেশন এর প্রোগ্রাম ম্যানেজার সোমা দত্ত। গ্রামীণ নারী দিবসের তাৎপর্য সম্পর্কে আলোচনা করেন সিজিবিভি প্রকল্পের (প্রকল্প সমন্বয়কারী) মোছাঃ আকতারী বেগম। উক্ত আলোচনা সভায় অংশগ্রহণ করেন নারী দলের সভাপতি পাপিয়া আকতার, যুব দলের সভাপতি মোহন, ইউনিয়ন সোস্যাল সাপোর্ট কমিটির সভাপতি মোঃ ইসমাইল হোসেন, ইউনিয়ন পরিষদের সদস্য মোঃ সিরাজুল ইসলাম, ইউনিয়ন পরিষদের সচিব আসলাম উদ্দিন। আলোচনা শেষে সকল সদস্যবৃন্দ স্টল পরিদর্শন করেন। স্টলে গ্রামীণ নারীদের নিজস্ব তৈরীকৃত সরঞ্জামাদি প্রদর্শীত হয়।




*আন্তর্জাতীক নারী দিবসের র‍্যালীর একাংশ*

## সৌহাদ্য-III কর্মসূচির ৭ সদস্যের জয়িতা এ্যাওয়ার্ড অর্জন



*পুরস্কার তুলে দিচ্ছেন বেলকুচি উপজেলা নির্বাহী অফিসার সিফাত-ই-জাহান*

নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস উপলক্ষে **"জয়িতা অন্বেষনে বাংলাদেশ"** এর আওতায় বাংলাদেশ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয় এর অধীনে, সিরাজগঞ্জ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক ৯ ডিসেম্বর ২০১৯ জেলা ও উপজেলা পর্যায়ে জয়িতা এ্যাওয়ার্ড প্রদান করা হয়। মোট ৫টি ক্যাটাগরিতে জেলা পর্যায়ে ৫জন নারীকে এবং প্রত্যেক উপজেলা পর্যায়ে ৫জন নারীকে জয়িতা এ্যাওয়ার্ড প্রদান করা হয়। তার-ই ধারাবহিকতায় বেলকুচি, শাহ্জাদপুর ও চৌহালী উপজেলায় ৫ জন করে মোট ১৫জন নারীকে জয়িতা এ্যাওয়ার্ড প্রদান করা হয়। এর মধ্যে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) বাস্তবায়িত সৌহাদ্য-III কর্মসূচির ১৮+ নারী (পূর্বের একতা) দলের ৭ জন নারী ৪টি ক্যাটাগরিতে এই পুরস্কার পান।

সম্মাননা প্রদান অনুষ্ঠানে বেলকুচি উপজেলা নির্বাহী অফিসার সিফাত-ই-জাহান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেলকুচি উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ নুরুল ইসলাম সাজেদুল। এসময় প্রধান অতিথি বলেন, **"সমাজে অনেক নারী আছে যারা অনেক কষ্ট করে তাদের লক্ষ্যে পৌছায়। আবার অনেক নারী আছে যারা সুযোগের অপেক্ষায় থাকে নিজেদের সক্ষমতা প্রকাশ করার। আমি এনডিপিকে এজন্য ধন্যবাদ জানাই কারণ তারা সমাজের এই সকল অবহেলিত নারীদের নিয়ে কাজ করে।"**

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কাস্মীর সুলতানা। এছাড়াও উপস্থিত ছিলেন এনডিপি'র সৌহার্দ্য-৩ কর্মসূচির উপজেলা সমন্বয়কারী ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগী সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচিটি এনডিপির নিজস্ব ও পিকেএসএফ এর অর্থায়নে ৬০টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক পরিচালিত কর্মসূচিটির বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো:

| ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০১৯ | ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০১৯ | ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ৬০ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ১.৫৬ | ১৭ | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২৬৩ |
| ২ | মোট সদস্য জন | ৯৯৬৭৪ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৯৩% | ১৮ | সমিতি ঃ সদস্য | ১:১৭ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ২৩৬৮.১৬ | ১১ | On Time Realization ( OTR) | ৯৯.৪৯% | ১৯ | সমিতি ঃ ঋণী সদস্য | ১:১৩ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ২১০৩.৮৩ | ১২ | Liquidity Ratio | ১৪.৩০% | ২০ | কর্মী ঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:৮৩ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ২৬৪.৩৩ | ১৩ | Port folio At Risk | ০.৭৮% | ২১ | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:২৮ |
| ৬ | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ৮৪.৭০ | ১৪ | Delinquent Ratio | ০.৫৯% | ২২ | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১৪৫ |
| ৭ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ১১২.৯৬ | ১৫ | Debt : Equity | ১.৫৯:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৭৯.৩৩% | ১৬ | কর্মী ঃ সদস্য | ১:৩৩১ | | | |

## ‘লোকালাইজেশন মডেল ইস্টাবলিশমেন্ট ইন সিরাজগঞ্জ’ প্রকল্পের ভ্যালিডেশন কর্মশালা




*বক্তব্য দিচ্ছেন কাজিপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ খলিলুর রহমান সিরাজী*

১৯ ডিসেম্বর ২০১৯ তারিখে Localization Model Establishment in Sirajganj নামক প্রকল্পটি বাস্তবায়নকারী সংস্থা এনডিপির উদ্যোগে অক্সফামের অর্থায়নে এবং নাহাব এর সহযোগিতায় কাজিপুর উপজেলা প্রশাসনের কর্মকর্তাদের নিয়ে ভেলিডেশন কর্মশালা কাজিপুর উপজেলা পরিষদের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কাজিপুর উপজেলা নির্বাহী অফিসার মোঃ জাহিদ হাসান সিদ্দিকী এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাজিপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ খলিলুর রহমান সিরাজী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান দ্বীন মোহাম্মদ এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ শাপলা খাতুন। সভাটি পরিচালনা করেন এনডিপি এর উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান। আয়োজনকারী সংস্থা এনডিপি এর উপ-পরিচালক স্বাগত বক্তব্য প্রদান করেন ও সভা পরিচালনায় প্রকল্পের কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। প্রকল্পটি মূলত কাজিপুর উপজেলার (নাটুয়ারপাড়া, চরগিরিশ, তেকানী ও নিশ্চিন্তপুর) চারটি ইউনিয়নে বসবাসকারীদের মধ্যে মৌসুমি বন্যার শুরুতেই যে সকল পরিবার বন্যায় ক্ষতিগ্রস্থ হয় এবং শীতকালীন সময়ে যারা বেশী অসুস্থ হয় এবং শীতবস্ত্র ক্রয় করার সামর্থ যাদের নেই, সেই সকল পরিবারকে তাৎক্ষনিক সহযোগিতা প্রদান করার লক্ষ্যে সরজমিনে জরিপ করে একটি ডাটা বেইজ তৈরি করা হয়। এই বিষয়ে বিস্তারিত আলোচনার মাধ্যমে উপস্থিত সকলকে অবগত করা হয়। জরিপ করে ১৪৩৫ টি পরিবারের তালিকা তৈরি করা হয়। জরিপ কাজটি নির্ভুলভাবে করার জন্য জরিপকৃত এলাকার পার্শ্ববর্তী ইউনিয়নের এনডিপি হতে প্রশিক্ষণপ্রাপ্ত ভলান্টিয়ার দ্বারা সম্পন্ন করা হয়। কর্মশালায় অংশগ্রহনকারীগণ বলেন, এই ডাটা তৈরি করার ফলে সরকারী ও বেসরকারীভাবে যদি কোন রকম সহযোগিতা করার সুযোগ থাকে তাহলে তাদেরকে প্রাধান্য দিয়ে ত্রাণসহ সকল সুযোগ সুবিধা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অংশগ্রহনকারীগণ আরো বলেন, এই চারটি ইউনিয়ন ছাড়াও খাসরাজবাড়ী ইউনিয়নকে জরিপের আওতায় সম্পৃক্ত করে সুযোগ-সুবিধা প্রদান করার বিষয়টি বিবেচনা করার জন্য এনডিপির কর্তৃপক্ষের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। পরিশেষে প্রধান অতিথি কর্মসূচির সফলতা কামনা করেন এবং এনডিপির কর্মকান্ডকে সফলতার সাথে বাস্তবায়ন করার জন্য সার্বিক সহযোগিতা করার আশাবাদ ব্যক্ত করেন। উক্ত কর্মশালায় উপজেলা প্রকল্প কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী, প্রকল্প এলাকার ইউপি চেয়ারম্যান, সাংবাদিকসহ সরকারী-বেসরকারী বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## সমৃদ্ধি কর্মসূচির বিনামূল্যে চোখের ছানী অপারেশন

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর ব্যবস্থাপনায় পরিচালিত সমৃদ্ধি কর্মসূচির আওতায় ০৩ নভেম্বর ২০১৯ তারিখে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউনিয়নের অতিদরিদ্র পরিবারের ৯ জন পুরুষ ও ১১ জন মহিলাসহ মোট (২০ জন) রোগীকে সিরাজগঞ্জ বিএনএসবি চক্ষু হাসপাতালের তত্বাবধানে এবং গুরুদাসপুর চক্ষু হাসপাতালে বিনামূল্যে চোখের ছানী অপারেশন করা হয়। ইউনিয়নের ১৭ টি গ্রামের মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এবং পুষ্টি ঘাটতি পূরণ করে দরিদ্র অসহায় মানুষের আর্থিক ক্ষতি লাঘব করা এ কার্যক্রমের অন্যতম উদ্দেশ্য।

০২ নভেম্বর ২০১৯ গুরুদাসপুর চক্ষু হাসপাতালে চোখের ছানী অপারেশন কার্যক্রমের শুভ উদ্বোধন করেন নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার সহকারী কমিশনার (ভুমি) মোঃ নাহিদ হাসান খান ও গুরুদাসপুর উপজেলা পরিষদ এর মহিলা ভাইস চেয়ারম্যান রোকসানা আকতার (লিপি)। তাঁরা উভয়ে উদ্বোধনী বক্তব্যে বলেন, **বিনামূল্যে চোখের ছানী অপারেশন খুবই মহতি কাজ যা এনডিপি করছে।** অপারেশন শেষে ক্যাম্পের সমাপনী পর্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গুরুদাসপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ আনোয়ার হোসেন।




*চক্ষু অপারেশনের শুভ উদ্বোধন করেন সহকারী কমিশন (ভূমি) মোঃ নাহিদ হাসান খান*

প্রধান অতিথি মশিন্দা ইউনিয়নে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর চলমান সকল কাজসহ এই ধরনের মহতি কাজ অর্থাৎ ছানী অপারেশনের ভূয়সী প্রশংসা করেন এবং সকলের সু-সাস্থ্য কামনা করেন। বিশেষ অতিথি বলেন **“মশিন্দা ইউনয়নে অসহায় দরিদ্র মানুষের উন্নয়নে সরকারের পাশাপাশি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পিকেএসএফ এবং এনডিপি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে”**। পাশাপাশি তিনি সকল প্রকার কার্যক্রমে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। উক্ত কর্মসূচিতে আরো উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী মোঃ কছিম উদ্দিন ও এনডিপির অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## ‘প্রতিবন্ধী ও উন্নয়ন কর্মসূচি’র প্রতিবন্ধীদের মাঝে কম্বল বিতরণ



*কম্বল বিতরণে অংশনেন সিরাজগঞ্জ জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক*

৩০ ডিসেম্বর ২০১৯ বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর ‘ঋণ সহায়তা কর্মসূচির’ সহযোগিতায় প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির আয়োজনে সিরাজগঞ্জ সদর উপজেলার বিভিন্ন এলাকার ৫০জন দরিদ্র শীতার্ত প্রতিবন্ধীদের মাঝে বিনামূল্যে কম্বল বিতরণ করা হয়। কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ মতিয়ার রহমান। এ সময় প্রধান অতিথি বলেন, **এনডিপির এই কার্যক্রম সত্যিকার অর্থেই প্রশংসনীয়। তাছাড়া এনডিপির বিভিন্ন কর্মসূচির কথা সকলকে অবগত করেন এবং উপস্থিত কয়েকজন গুরুতর প্রতিবন্ধীকে প্রতিবন্ধী ভাতা কার্ডসহ চিকিৎসা সহায়তা হিসেবে আর্থিক অনুদান প্রাপ্তির আবেদন ফরম পুরণ করে জমা দিলে অনুদান দিবে বলে আশস্ত করেন।** এনডিপির প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির আওতায় পরিচালিত শিশুস্বর্গ শিক্ষা কেন্দ্রের ছাত্র সেরিব্রাল পালসিতে আক্রান্ত মোঃ তৌহিদুল ইসলামের মা মোছাঃ মুক্তি বেগম বলেন এনডিপির এই শিক্ষা কেন্দ্রে ভর্তি হয়ে তার ছেলের শারীরিক সমস্যা অনেকটা ভালোর দিকে। তিনি আরো বলেন, তৌহিদসহ তার এলাকায় যত প্রতিবন্ধী আছে তাদের সকলকে এনডিপি সংস্থার কর্মকর্তাগণ নিয়মিত ফলোআপ করেন এবং প্রতিবন্ধী পরিচয় কার্ড ও প্রতিবন্ধী ভাতা কার্ড সহজে পেতে সমাজসেবা কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে দেয়ার ব্যবস্থা করে দেন। সিরাজগঞ্জ সদর উপজেলা প্রতিবন্ধী কল্যাণ সমবায় সমিতি লিঃ এর সহ-সভাপতি (দৃষ্টি প্রতিবন্ধী) মোঃ খাজা শেখ বলেন, উপজেলায় আরো অনেক প্রতিবন্ধী আছে যারা শীতের সময় অনেক কষ্টে দিন যাপন করে। এছাড়া এনডিপিসহ সকল সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে বলেন, যারা এখন পর্যন্ত কোন প্রতিষ্ঠান থেকে সহযোগিতা পায়নি সে সকল প্রতিবন্ধীদেরকে যেন সহযোগিতা করা হয়। এ সময় এনডিপির সহকারী ব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ উপস্থিত ছিলেন।

# সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচি'র মিনি ম্যারাথন-২০১৯




*মিনি ম্যারাথনের শুভ উদ্বোধন করেন সিরাজগঞ্জ-২ আসনের মাননীয় সংসদ সদস্য*

১৮ নভেম্বর ২০১৯ পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর ব্যবস্থাপনায় সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচি এবং উপজেলা ক্রীড়া সংস্থার আয়োজনে সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলায় মিনি ম্যারাথনের আয়োজন করা হয়। কামারখন্দ উপজেলা নির্বাহী অফিসার মোঃ জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ-২ আসনের মাননীয় সংসদ সদস্য প্রফেসর ডাঃ হাবিবে মিল্লাত (এমপি)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা পরিষদ চেয়ারম্যান এস এম শহিদুল্লাহ সবুজ, এনডিপি এর পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল, সহকারী পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ সাইফুল ইসলাম এবং হাজী কোরপ আলী কলেজের অধ্যক্ষ মোঃ মোকতেল হোসেন। কামারখন্দ উপজেলার আলোকদিয়ার মোড় হতে শুরু হওয়া ম্যারাথন দৌড় ধলেশ্বর তালতলা হয়ে সরকারি হাজী কোরপ আলী কলেজে গিয়ে শেষ হয়। এ সময় ম্যারাথনে অংশ নেয় উপজেলার বেশকয়টি উচ্চ বিদ্যালয়ের বালক এবং বালিকা। ম্যারাথন পরবর্তীতে উভয় দলের ৩ জন করে মোট ৬ জনের হাতে পুরষ্কার তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি। এ সময় তিনি বলেন **"স্বাস্থ্য ভালো রাখতে কায়িক শ্রমের কোন বিকল্প নেই এবং সুস্থ থাকার জন্য নিয়মিত হাটার প্রয়োজন"**। অনুষ্ঠান পরিচালনার সার্বিক দায়িত্বে ছিলেন এনডিপি'র ব্যবস্থাপক (প্রশিক্ষণ) নুরুন নাহার চৌধুরী। এছাড়াও কর্মসূচি কর্মকর্তা (সাংস্কৃতিক ও ক্রীড়া) মোঃ ফজল করিম ও রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগের সহকারী ব্যবস্থাপক মোঃ জানাফার ইসলাম উপস্থিত ছিলেন ।


## কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা প্রতিদিন
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা প্রতিদিন

## খাবারের মূল্য তালিকা

| | | |
|---|---|---|
| সকালের নাস্তা | : | ৬০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : | (১৬০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : | ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : | ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : | ২০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : | ৪৫ টাকা (৩০০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : | ৪০ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : | ১৫ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

## ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

## যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৭৫১-৬৩৮৭৬, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭
ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট :www.ndpbd.org

## ডরমেটরী


| | | |
|---|---|---|
| সাধারণ নন এসি | : | ৬০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| এসি (ভিআইপি) | : | ১,০০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| ডিলাক্স (এসি) | : | ১,৫০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| লাক্সারি (এসি) | : | ১,২০০.০০ টাকা (সিঙ্গেল বেড) পার ওভারনাইট |

## বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

## অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

"এ স্বাধীনতা আমার ব্যর্থ হয়ে যাবে যদি আমার বাংলার মানুষ পেট ভরে ভাত না খায়। এই স্বাধীনতা আমার পূর্ণ হবে না যদি বাংলার মা-বোনেরা কাপড় না পায়। এ স্বাধীনতা আমার পূর্ণ হবে না যদি এদেশের মানুষ যারা আমার যুবক শ্রেণী আছে তারা চাকরি না পায় বা কাজ না পায়।"